

সোনালী ব্যাংক লিমিটেড
প্রধান কার্যালয়, ঢাকা।
হিউম্যান রিসোর্স ম্যানেজমেন্ট ডিভিশন
অফিসার ম্যানেজমেন্ট ডিপার্টমেন্ট (শাখা-১)।

নং-এইচআরএমডি/ওএমডি/শাখা-১/১০৫৬০

তারিখঃ ০৭ ডিসেম্বর, ২০২০

নিয়োগ বিজ্ঞপ্তি

সোনালী ব্যাংক লিমিটেড, কলকাতা শাখা, ইন্ডিয়া অপারেশন, ভারত; সোনালী ব্যাংক লিমিটেড প্রতিনিধি অফিস, কুয়েত এবং সৌদি আরবস্থ সোনালী ব্যাংক লিমিটেড প্রতিনিধি অফিস রিয়াদ ও জেদ্দায় এসিস্ট্যান্ট জেনারেল ম্যানেজার পদমর্যাদার ০৪ (চার) জন নির্বাহী বদলী ও নিয়োগের লক্ষ্যে সোনালী ব্যাংক লিমিটেড-এ কর্মরত এসিস্ট্যান্ট জেনারেল ম্যানেজার পদমর্যাদার নির্বাহীগণের নিকট হতে নিম্নরূপ যোগ্যতা অনুযায়ী আবেদনপত্র আহ্বান করা যাচ্ছেঃ

প্রার্থীগণের যোগ্যতাঃ

১।	সোনালী ব্যাংক লিমিটেড-এ এসিস্ট্যান্ট জেনারেল ম্যানেজার পদমর্যাদায় কর্মরত থাকতে হবে এবং প্রার্থীর বয়স নিয়োগ বিজ্ঞপ্তি প্রকাশের তারিখে অনূর্ধ্ব ৫৩ বছর হতে হবে।
২।	শিক্ষাগত যোগ্যতাঃ ক) প্রার্থীকে স্নাতকোত্তর ডিগ্রীধারী হতে হবে। খ) যে কোন একটি পরীক্ষায় ১ম বিভাগ/ শ্রেণি/ সমমানসহ অন্য সকল পরীক্ষায় কমপক্ষে ২য় বিভাগ/ শ্রেণি/ সমমান থাকতে হবে। গ) কোন পরীক্ষায় ৩য় শ্রেণি/বিভাগ গ্রহণযোগ্য নয়। ঘ) প্রার্থীকে IELTS পরীক্ষায় কমপক্ষে ৬.০০ গ্রেড পেয়ে উত্তীর্ণ হতে হবে।
৩।	প্রার্থীর সমগ্র চাকুরিকাল ভাল ও সুচ্ছ হতে হবে।
৪।	প্রার্থীকে অবশ্যই ইংরেজী ভাষায় লিখিত ও মৌখিক উভয় ক্ষেত্রে পারদর্শী হতে হবে।
৫।	কোন কর্মকর্তা এ ব্যাংকে কর্মরত অবস্থায় একবার সোনালী ব্যাংক লিমিটেড এর বিদেশস্থ শাখা/প্রতিনিধি অফিস/সাবসিডিয়ারী কোম্পানিতে বদলী ও নিয়োগপ্রাপ্ত হলে তিনি বিদেশ থেকে ফেরত আসার ০২ (দুই) বছর পূর্ণ হওয়া সাপেক্ষে আবেদন করতে পারবেন।
৬।	প্রার্থীর ব্যাংকিং ডিপ্লোমা ০২ (দুই) পার্ট পাস থাকতে হবে।
৭।	আইটি বিষয়ে (কম্পিউটার পরিচালনা, ইংরেজি ও বাংলা টাইপিং, ইমেইলসহ সাধারণ করেসপন্ডেন্স এবং এমএস ওয়ার্ড, এক্সেল ও পাওয়ার পয়েন্ট সম্পর্কে সম্যক ধারণা) পারদর্শিতা থাকতে হবে।

আবেদনকারীগণ কর্তৃক তথ্য/প্রমাণপত্রাদি দাখিলঃ

আবেদনকারীগণকে আবেদনপত্রের সাথে নিম্নরূপ তথ্য প্রমাণপত্রাদিসহ দাখিল করতে হবেঃ

ক) শিক্ষাগত যোগ্যতার বিবরণ (সার্টিফিকেটের সত্যায়িত ছায়ালিপিসহ)ঃ

পরীক্ষা/ডিগ্রীর নাম	পাশের সাল	বিশ্ববিদ্যালয়/বোর্ড	প্রাপ্ত শ্রেণী/গ্রেড

খ) প্রফেশনাল ডিগ্রী/পিএইচডি/অন্যান্য সার্টিফিকেটের (যদি থাকে) সত্যায়িত ছায়ালিপি;

গ) IELTS সার্টিফিকেটের সত্যায়িত ছায়ালিপি;

ঘ) চাকুরী জীবনে অপরাধ ও শাস্তি ভোগ করেছেন কি না? করে থাকলে তার বিবরণ (সংশ্লিষ্ট কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত)।

ইংরেজিতে লিখিত আবেদনপত্র ও সংশ্লিষ্ট কাগজপত্র জেনারেল ম্যানেজার (ইনচার্জ), হিউম্যান রিসোর্স ম্যানেজমেন্ট ডিভিশন, সোনালী ব্যাংক লিমিটেড, প্রধান কার্যালয়, ঢাকা-এ সরাসরি অথবা ই-মেইল ঠিকানাঃ dgmhrmd@sonalibank.com.bd এ আগামী ২৪ ডিসেম্বর, ২০২০ তারিখের মধ্যে ব্যাংক চলাকালীন সময় পর্যন্ত দাখিল করা যাবে।

উল্লেখ্য, উপযুক্ত প্রার্থীগণকে লিখিত Short composition test ও আইটি সংক্রান্ত ব্যবহারিক পরীক্ষায় অংশগ্রহণ করতঃ উত্তীর্ণ প্রার্থীগণকে মৌখিক পরীক্ষায় অংশগ্রহণ করতে হবে।

(মোঃ সিরাজুল ইসলাম)

জেনারেল ম্যানেজার (ইনচার্জ)

হিউম্যান রিসোর্স ম্যানেজমেন্ট ডিভিশন

সদস্য-সচিব, বাছাই কমিটি।